এমনি ক'রেই যায় যদি দিন যাক না ।
মন উড়েছে উড়ুক-না রে
        মেলে দিয়ে গানের পাখ্‌না ॥
আজকে আমার প্রাণ ফোয়ারার সুর ছুটেছে,
        দেহের     বাঁধ টুটেছে—
মাথার 'পরে খুলে গেছে
        আকাশের ওই সুনীল ঢাক্‌না ॥
ধরণী আজ মেলেছে তার হৃদয়খানি,
        সে যেন রে কাহার বাণী ।
কঠিন মাটি মনকে আজি দেয় না বাধা ।
        সে কোন্‌   সুরে সাধা—
বিশ্ব বলে মনের কথা,
        কাজ প'ড়ে আজ থাকে থাক্‌-না ॥

---

Parjaay: Bichitro, Taal: Teyora, Raag: Iman-Purvi
Visit www.geetabitan.com for notation and other detail